

ঢাবি উপাচার্যের অফিশিয়াল নম্বর হ্যাকড, চাওয়া হচ্ছে টাকা



### ছবি: প্রতীকী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ২৪ মে ২০২৫ | ১৮:১২ | আপডেট: ২৪ মে ২০২৫ | ১৮:৫০



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খানের দাপ্তরিক ফোন নম্বরটি হ্যাকড হয়েছে। ফোন নম্বরের হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট থেকে বিভিন্ন নম্বরে ১৫ হাজার টাকা চাওয়া হচ্ছে। বিষয়টি নজরে আসার পর ডিবির পক্ষ থেকে নম্বরটি বন্ধ করে দেওয়া হয়েছে।

শনিবার বিকেলে প্রক্টর সাইফুদ্দীন আহমেদ সমকালকে এসব তথ্য জানিয়েছেন।

হ্যাক হওয়া উপাচার্যের দাপ্তরিক নম্বরটি প্রাক্তন উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামানের সময়ে নেওয়া হয়েছিল। অধ্যাপক আখতারুজ্জামানের পরে প্রাক্তন উপাচার্য অধ্যাপক মাকসুদ কামাল এটি ব্যবহার করেন। পরবর্তী সময়ে উপাচার্য হিসেবে দায়িত্ব নেওয়ার পর নিয়াজ আহমেদ এটি ব্যবহার করছিলেন। এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দাপ্তরিক মোবাইল নম্বর।

এর আগে শনিবার দুপুরে উপাচার্যের দাপ্তরিক ফোন নম্বর থেকে ১৫ হাজার টাকা বিকাশ করার জন্য হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট থেকে পূর্বের চ্যাটকরা সব নম্বরে মেসেজ দেন হ্যাকার। এ সময় অনেকে বিস্মৃত হন। পরে জানা যায়, হোয়াটসঅ্যাপ নম্বরটি হ্যাকিংয়ের শিকার।

অনলাইন একটি নিউজ পোর্টালের ক্যাম্পাস প্রতিনিধি সাকিব হাসান ফেসবুক পোস্টে জানান, তাকে স্যারের নম্বর থেকে ১৫ হাজার টাকা চেয়ে মেসেজ দেওয়া হয়। প্রেরিত মেসেজে বলা হয়, ‘বিকাশে ১৫ হাজার টাকা হবে আমার আর্জেন্ট লাগবে এখন পাঠিয়ে দেওয়া যাবে।’ আরেকটি মেসেজে বলা হয়, ‘আমি কালকে ব্যাংক থেকে তুলে দিয়ে দিবো সমস্যা নেই।’ এভাবে আরও কয়েকজনকে একই মেসেজ দেওয়া হয়।

এ বিষয়ে প্রক্টর সাইফুদ্দীন আহমেদ বলেন, উপাচার্য স্যারের দাপ্তরিক ফোন নম্বর হ্যাকড হয়েছে। সেখান থেকে অনেকের কাছে টাকা চেয়ে মেসেজ দেওয়া হয়েছিল। বর্তমানে আমরা ডিবিতে জানিয়ে নম্বরটি বন্ধ রেখেছি। তবে উপাচার্যের ব্যক্তিগত নম্বর নিরাপদ আছে।